গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
দিনাজপুর জেলা কার্যালয়
জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।
www.dncrp.gov.bd

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত বাজার তদারকী এবং নিয়মিত অভিযোগ নিষ্পত্তি কার্যক্রম মনিটরিং কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী।

সভার সভাপতি : জনাব মমতাজ বেগম
সহকারী পরিচালক
সভার তারিখ ও সময়: ২১-০৬-২০২২ খ্রিঃ, মঙ্গলবার; বিকাল ০৪.০০ঘটিকা।
সভার স্থান : সভাপতি মহোদয়ের কক্ষে
সভার উপস্থিত তালিকা : সংযুক্ত "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সভাপতি চলমান ২০২১-২০২২ অর্থ বছরের সামগ্রিক প্রাপ্ত অভিযোগসমূহ নিষ্পত্তি এবং তা নিষ্পত্তির ক্ষেত্রে বিভিন্ন অন্তরায় চিহ্নিতকরণসহ চলমান ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা এবং তা অর্জনের তৎপরতা সহ ৪র্থ সভার আলোচ্য সূচী উপস্থাপন করেন। লক্ষ্যমাত্রা অনুযায়ী অভিযোগ নিষ্পত্তির শতকরা হার বজায় রাখা, প্রাপ্ত সকল অভিযোগ যুক্তিসঙ্গত কারণ ব্যতিরেকে অনিষ্পন্ন না রাখা এবং পরবর্তি সময়ে প্রাপ্ত অভিযোগসমূহ দ্রুততার সাথে নিষ্পন্ন ও ই-প্রোণদনা কার্যকর করার অভিপ্রায় নিয়ে সভায় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

২। সিদ্ধান্ত: শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত কার্যক্রম নিম্নরূপ:

ক) ৪র্থ ত্রৈমাসিক এ এপ্রিল/ ২০২২ হতে অদ্য ২১ জুন/২০২২ পর্যন্ত ৪৮ টি বাজার তদারকী অভিযানে এ পর্যন্ত মোট ১০,৭৮,৫০০/- সহ টোটাল ১৪৭ টি বাজার অভিযানে সর্বমোট ৩০,২২,৫০০/- জরিমানা আদায় করা হয়েছে। যা এপিএ লক্ষ্যমাত্রাকে অতিক্রম করে গেছে। জেলা কার্যালয়ের বার্ষিক লক্ষ্যমাত্রা ছাড়িয়ে অতিরিক্ত রাজস্ব সরকারী কোষাগারে জমা করা হয়েছে।

খ) বর্তমান ২০২১-২০২২ অর্থ বছরের ১ম ত্রৈমাসিক,২য় ত্রৈমাসিক,৩য় ত্রৈমাসিকসহ ২১ জুন/২০২২ পর্যন্ত মোট ৩৯টি অভিযোগ পাওয়া গেছে। যার মধ্যে বেশিরভাগ অভিযোগই নিজেদের মধ্যে আপোষের মাধ্যমে নিষ্পত্তি করা হয়। ৪র্থ ত্রৈমাসিক এ ১টি অভিযোগ জরিমানার মাধ্যমে নিষ্পত্তি করা হয় এবং জরিমানার ২৫% হিসেবে ১২৫০/- অভিযোগকারীকে দেয়া হয়। ।।

গ। আসন্ন পবিত্র ঈদ উল আযহা উপলক্ষ্যে প্রধান কার্যালয়ের নির্দেশণা মোতাবেক বাজার তদারকী পরিচালনা করা হবে এবং সংশ্লিষ্ট দপ্তরসমূহ এ বিষয়ে তদারকিতে সহযোগিতা করবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Momtaz
22/6/22
(মমতাজ বেগম)
সহকারী পরিচালক
ও
সভাপতি
জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, দিনাজপুর।
টেলিফোন: ০৫২৩-৬৬৭১১
ad-dinajpur@dncrp.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
দিনাজপুর জেলা কার্যালয়
জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।
www.dncrp.gov.bd

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী।

সভার সভাপতি : জনাব মমতাজ বেগম
সহকারী পরিচালক
সভার তারিখ ও সময়: ২১-০৬-২০২২ খ্রিঃ, মঙ্গলবার; বিকাল ০৩.০০ঘটিকা।
সভার স্থান : সভাপতি মহোদয়ের কক্ষ
সভার উপস্থিত তালিকা : সংযুক্ত "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সভাপতি বিগত সেপ্টম্বর/২০২১ মাসে অনুষ্ঠিত, ৩য় সভার কার্যবিবরনীসহ চলমান ৪র্থ সভার আলোচ্য সূচী উপস্থাপন করেন। সমগ্র অর্থ বছর ২০২১-২০২২ এর সামগ্রিক দাপ্তরিক শুদ্ধাচার মূল্যায়ন করার অভিপ্রায় নিয়ে কাজের স্বচ্ছতাকে অধিকতর স্পষ্ট ও দৃশ্যমান করতে এবং বর্তমান ২০২১-২০২২ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী কাঙ্খিত ফলাফল অর্জনে সহায়তা করার জন্য বিভিন্ন স্টেক হোল্ডারদের সহযোগিতার জন্য ধন্যবাদ জানানো হয়। পারস্পরিক দাপ্তরিক সম্পর্ক উন্নয়ন এবং দাপ্তরিক কার্যক্রমের গতিশীলতা আনয়নের জন্য সভায় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

২। সিদ্ধান্ত: শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত কার্যক্রম নিম্নরূপ:

ক) এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২১-২০২২ অর্থ বছরের লক্ষ্যমাত্রানুযায়ী ১৪৬টি বাজার তদারকী কার্যক্রম পরিচালনা সম্পন্ন হয়েছে এবং সে অনুযায়ী অভিযানের নতুন নতুন ক্ষেত্র চিহ্নিত করা হয়েছে। পরবর্তি সময়ে সে ক্ষেত্রে নতুনভাবে কাজ করা যাবে। দপ্তরের সকল কার্যক্রমে স্বচ্ছতা নিশ্চিতকরনে প্রত্যেক বিষয়ে রেজিস্টার মেইনটেইনসহ দপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারী সরকারী কর্মচারী আচরন বিধিমালা আইন ২০১৮ মেনে দাপ্তরিক কর্যক্রম পরিচালনা করবেন।

খ) প্রাপ্ত অভিযোগসমূহ সিটিজেন চার্টারে প্রদত্ত সময়সীমা অনুসারে নিষ্পত্তি করা।অভিযোগকারীকে অভিযোগ দায়েরে সহযোগিতা করা সহ শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ক্ষেত্রে চিহ্নিত অন্তরায়সমূহের বিষয়ে আলোকপাত ও সমাধানের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

গ) এ কার্যালয়ের ওয়েবপোর্টাল নিয়মিত হালনাগাদ কার্যক্রম চলমান রাখা ও প্রত্যেক কার্যক্রমের নোটিশ এবং তথ্যসমূহ সময়ে সময়ে আপলোড করা। হটলাইন ১৬১২১ মারফত প্রাপ্ত অভিযোগসমূহের তদন্ত স্বাপেক্ষে ব্যবস্থা গ্রহন করা।দাপ্তরিক কর্পোরেট নম্বর ০১৩১৮৩৯৬৯৮৭ সার্বক্ষনিক চালু রাখা।

ঘ)অত্র কার্যালয়ের অফিস সহকারীকে চাকুরী বিধিমালার বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে প্রশিক্ষণ প্রদানসহ আইসিটি বিষয়ে দক্ষতা বৃদ্ধির জন্য সহকারী প্রোগ্রামার আইসিটি দিনাজপুর এর সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করার জন্য নির্দেশণা প্রদান করার সিদ্ধান্ত গ্রহন করা হয়।এছাড়াও শুদ্ধাচার এ বর্ণিত বিভিন্ন বিষয় এর যে লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছে তা বাস্তবায়নে সর্বোচ্চ সহযোগীতা প্রদানের নির্দেশ প্রদান করা হয়।

ঙ। কর্মচারীর কর্মদক্ষতা বৃদ্ধিকরণের জন্য জেলা প্রশাসকের কার্যালয়ের আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণে অংশগ্রহনসহ বিভিন্ন সরকারী দপ্তরসমূহের সাথে সমন্বয় করে ভোক্তা অধিকার সংরক্ষন আইন ২০০৯ বহুল প্রচারের জন্য বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচীতে দপ্তরের সম্পৃক্ততা বাড়ানো। এছাড়া জেলা তথ্য অফিসের সহায়তায় প্রান্তিক পর্যায় পর্যন্ত ভোক্তা সাধারণের নিকট ভোক্তা অধিকার বিষয়ক ডকুমেন্টারী ও তথ্য চিত্র প্রদর্শণের ব্যবস্থা গ্রহন করা।।

চ। বিভিন্ন স্টেক হোল্ডার যেমন ক্যাব, সিসিএস, জেলা প্রাণীসম্পদ অফিস, জেলা কৃষি অফিস,জেলা বাজার কর্মকর্তার অফিস, জেলা নিরাপদ খাদ্যের অফিস ইত্যাদি সরকারী দপ্তরের সাথে সার্বক্ষণিক সমন্বয় বজায় রাখা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মমতাজ বেগম)
সহকারী পরিচালক
ও
সভাপতি
জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, দিনাজপুর।
টেলিফোন: ০৫২৩-৬৬৭১১
ad-dinajpur@dncrp.gov.bd

স্মারক নম্বর-২৬.০৪.৫৫২৭.৬০৩.০৫.০০২.২০২২. তারিখ :২১/০৬/২০২২খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। উপপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রংপুর বিভাগীয় কার্যালয়, রংপুর।

০২। জেলা বাজার কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, দিনাজপুর।

০৩। অফিস নথি।

22/6/22

(মমতাজ বেগম)
সহকারী পরিচালক
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
দিনাজপুর জেলা কার্যালয়,দিনাজপুর